গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mor.gov.bd

বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সার্ভিস পর্যালোচনার জন্য গঠিত কমিটির সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোফাজ্জেল হোসেন<br>সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০৮ জুলাই ২০১৯ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (৯ম তলা), রেল ভবন, ঢাকা |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, যাত্রীবাহী ট্রেনে যাত্রীসেবা নিশ্চিত করার জন্য ক্যাটারিং সার্ভিস এর মান উন্নয়ন করা একান্ত প্রয়োজন। এ উদ্দেশ্যে অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) কে আহ্বায়ক করে গত ১৮ মার্চ ২০১৯ তারিখে ২২৮নং স্মারকে একটি কমিটি গঠন করা হলে গঠিত কমিটি তাদের প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদন পর্যালোচনার জন্য আজকের এ সভা আহ্বান করা হয়। সভাপতি উল্লেখ করেন যে, বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সার্ভিস সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি নীতিমালা থাকা প্রয়োজন। সভাপতি কমিটির সদস্য সচিব উপসচিব (প্রশাসন-২)-কে উক্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন করার আহ্বান জানান।

৩। কমিটির সদস্য সচিব ও রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, (ক) বর্তমানে ক্যাটারিং সার্ভিসে কারা কিভাবে নিয়োজিত আছে (খ) খাবারের আইটেম, পরিমাণ এবং কিভাবে নির্ধারিত ও অনুসরণ করা হয় (গ) টিকিটের সঙ্গে খাবারের মূল্য অন্তর্ভুক্ত করা যৌক্তিক হবে কি-না (ঘ) আউট সোর্সিং এর মাধ্যমে কার্যক্রম অব্যাহত থাকবে- এসব কর্মপরিধিভুক্ত বিষয়াদি নিয়ে গঠিত কমিটি কাজ করেছে। উক্ত কমিটি কয়েকটি সভায় মিলিত হয় এবং কমিটির সদস্যগণ কতিপয় আন্তঃনগর ট্রেনের যাত্রীদের সাথে সরেজমিনে মতবিনিময় করেন। কর্মপরিধি অনুযায়ী কমিটির সুপারিশসমূহ নিম্নোক্তভাবে তুলে ধরা হয়ঃ

৩.১ বর্তমানে ক্যাটারিং সার্ভিসে কারা কিভাবে নিয়োজিত আছে সে সম্পর্কিত সুপারিশঃ

(ক) বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সংক্রান্ত একটি স্বয়ংসম্পূর্ণ নীতিমালা প্রনয়ণ করতে হবে এবং সেটিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে;

(খ) বিদ্যমান খসড়া নীতিমালায় বর্ণিত বিধানাবলী লংঘন করে নিয়োগপ্রাপ্ত ক্যাটারারদের নিয়োগ/নবায়নের/চুক্তির মেয়াদ বাতিল/অবসান ঘটিয়ে নতুনভাবে টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশ করে উপযুক্ত ক্যাটারার নিয়োগ করতে হবে;

(গ) মানসম্মত খাবার পরিবেশনের জন্য উন্নত খাবার গাড়ী সরবরাহের উদ্যোগ নিতে হবে; এবং

(ঘ) খাবার গরম করার জন্য খাবারের গাড়ীতে ওভেন/ইলেকট্রিক হিটার ব্যবহারে প্রতিবন্ধকতা থাকলে তা দূর করতে হবে।

**৩.২ খাদ্যের মূল্য তালিকা, খাদ্যের মান, পরিমাণ, মূল্যসহ বর্তমান ধারণা পত্র সম্পর্কিত সুপারিশঃ**

(ক) বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে বিদ্যমান খাদ্য তালিকা, মূল্য, পরিমাণ, বর্তমান মূল্য নির্ধারণের ক্ষেত্রে বাজারমূল্যকে বিবেচনায় নিয়ে মূল্য তালিকা হালনাগাদ করতে হবে;

(খ) গুণগত মানসম্পন্ন খাবার নির্ধারিত মূল্যে ও যতদূর সম্ভব মোড়কজাত অবস্থায় পরিবেশন/বিক্রয় নিশ্চিত করতে হবে;

(গ) ট্রেনের প্রতিটি যাত্রীবাহী কোচে অনুমোদিত পণ্যের মূল্য তালিকা লেমিনেটিং করে কোচের উভয় গেটের পাশে/সম্মুখে টাঙানো নিশ্চিত করতে হবে; এবং

(ঘ) নির্বাচিত/নিয়োগপ্রাপ্ত ক্যাটারারদের খাদ্যের গুণগত মান যাচাইয়ের জন্য নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের/স্যানিটারি ইন্সপেক্টর/বিএসটিআই-এর মাধ্যমে নমুনা পরীক্ষা করে সনদ সংগ্রহের বিধান করত হবে।

**৩.৩ ভবিষ্যতে এদের ভূমিকা কি হবে, প্রতিটি ট্রেনে খাবার সরবরাহ করে কি-না সে সম্পর্কিত সুপারিশঃ**

(ক) ভারতীয় রেলওয়ের ন্যায় বাংলাদেশ রেলওয়েতে ক্যাটারিং সার্ভিস প্রদানের জন্য একটি স্থায়ী কাঠামো তৈরির বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

(খ) ক্যাটারার নিয়োগ এবং খাদ্য সরবরাহ সংক্রান্ত বিধানাবলী অন্তর্ভুক্ত করে ক্যাটারিং সার্ভিস বিষয়ে একটি সুস্পষ্ট নীতিমালা তৈরি ও অনুসরণ নিশ্চিত করতে হবে;

(গ) যাত্রীদের খাবারের অর্ডার দেওয়া ও কোন অভিযোগ থাকলে তা অবহিত করার জন্য ট্রেনের ক্যাটারিং সার্ভিসের ম্যানেজার/সদস্যদের মোবাইল ফোন নম্বর প্রতিটি কোচে স্থায়ীভাবে টাঙানো/লাগানো এবং নির্ধারিত বহিটি প্রকাশ্য স্থানে রাখা নিশ্চিত করতে হবে; এবং

(ঘ) মানসম্মত খাবার পরিবেশনের জন্য দেশের বিভিন্ন অঞ্চলে উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন করা যেতে পারে।

**৩.৪ টিকিটের সঙ্গে খাবারের মূল্য অর্ন্তভুক্ত করা যৌক্তিক হবে কি-না সে সম্পর্কিত সুপারিশঃ**

(ক) সংখ্যাগরিষ্ঠ যাত্রীদের নিকট থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে টিকিটের সাথে খাবারের মূল্য সংযোজন করা সমীচীন হবে না;

(খ) বিকল্প হিসেবে শুধুমাত্র যারা ঢাকা থেকে দূর পাল্লাগামী ও বিরতীহীন ট্রেনের যাত্রী এবং এসি চেয়ার/কেবিনের যাত্রী তাদের জন্য টিকেটের সাথে খাবারমূল্য যুক্ত করা যেতে পারে।

**৩.৫ বিবিধ পর্যালোচনা ও সুপারিশঃ**

(ক) সার্ভিসে নিয়োজিত কর্মীদের শিক্ষাগত যোগ্যতা, নিয়োগ ও চাকুরির শর্তাবলী, পূর্ব অভিজ্ঞতা, প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ, পরিস্কার-পরিচ্ছন্নতা, স্বাস্থ্যগত দিক, বেতন-ভাতা, তাদের বিধি-বর্হিভূত কাজের জন্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, এবং প্রতিটি ট্রেনে তাদের সদস্য সংখ্যা (সর্বনিম্ন/সর্বোচ্চ) নির্ধারণ সম্পর্কিত বিধান তৈরি করতে হবে;

(খ) খাবার পরিস্কার-পরিচ্ছন্ন কাপড়/পর্দা দিয়ে ঢেকে রাখা ও খাবার সরবরাহের জন্য ব্যবহৃত ক্রোকারিজ যতদূর সম্ভব ভাল মানের হতে হবে এবং ভাল পানি দিয়ে নিয়মিত ধুঁয়ে-মুছে পরিস্কার করতে হবে;

(গ) ক্যাটারিং-এর দায়িত্বে নিয়োজিত স্টাফদের হ্যান্ড গ্লোভসসহ পরিস্কার-পরিচ্ছন্ন ইউনিফর্ম পরিধান নিশ্চিত করতে হবে এবং কর্মীদের স্বাস্থ্যগত সনদ ও প্রশিক্ষণলব্দ সনদের কপি প্রতিটি ট্রেনে সংরক্ষণ করতে হবে।

৪। সভাপতি বলেন, ক্যাটারিং সার্ভিস প্রোভাইডারদের সাথে চুক্তি, চুক্তির নবায়ন, চুক্তির বর্তমান অবস্থা ও মেয়াদ, চুক্তির শর্তসমূহ প্রভৃতি কমিটির কর্মপরিধিতে থাকা সত্ত্বেও দাখিলকৃত প্রতিবেদনে সে সম্পর্কে কোন আলোকপাত করা হয়নি। তিনি কমিটির আহ্বায়ককে ক্যাটারিং সার্ভিস প্রোভাইডারদের সাথে চুক্তির বিষয়ে পুঙ্খানুপুঙ্খ যাচাইপূর্বক পুনরায় প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। চুক্তি প্রণয়ন/নবায়নে কোনরূপ অনিয়ম থাকলে তা দূরীকরণের উপায় এবং অনিয়মের সাথে সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব নির্ধারণ করা আবশ্যক মর্মেও তিনি মত প্রকাশ করেন। তিনি কমিটির আহ্বায়ক এবং সদস্যগণকে বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সার্ভিস পরিচালনার জন্য একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রস্তুত করার জন্য অনুরোধ জানান। একইসাথে প্রদত্ত সুপারিশমালা বাস্তবায়নের জন্য Enforcement Mechanism তৈরি করে ক্যাটারিং সার্ভিস সুষ্ঠুভাবে পরিচালনাসহ কিভাবে খাবারের মান উন্নত এবং যথাযথ মূল্য নিরূপণ করা যায় সে বিষয়ে খতিয়ে দেখার জন্যও কমিটির আহ্বায়ক এবং সদস্যবৃন্দকে অনুরোধ জানান।

৫। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ উল্লিখিত সুপারিশসমূহের উপর আলোচনায় অংশগ্রহণপূর্বক মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত: (১) বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সার্ভিস পর্যালোচনার জন্য কমিটি ক্যাটারিং সার্ভিস বিষয়ে একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রস্তুত করবে। উল্লেখ্য, বর্তমান কমিটিই এ দায়িত্ব পালন করবে।

(২) ক্যাটারিং সার্ভিস প্রোভাইডারদের সাথে চুক্তি, নবায়ন, চুক্তির বর্তমান অবস্থা, চুক্তির মেয়াদ চুক্তির শর্তসমূহ এবং এতদ্‌সংশ্লিষ্ট বিধি-বিধান পর্যালোচনা করে কোন অনিয়ম হয়ে থাকলে দায়-দায়িত্ব নির্ধারণসহ কমিটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে।

(৩) বাংলাদেশ রেলওয়ের ক্যাটারিং সার্ভিস পর্যালোচনার জন্য কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশমালা ক্যাটারারদের নিকট প্রেরণের জন্য ডিজি, বিআর বরাবর পত্র প্রেরণ করতে হবে।

(৪) কমিটি সুপারিশ প্রদানের পাশাপাশি সুপারিশসমূহ বাস্তবায়নের লক্ষ্যে কি ধরণের Enforcement Mechanism প্রণয়ন করা যেতে পারে সে বিষয়ে প্রস্তাব দাখিল করবে।

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর) ২২/৭/১৯

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব

নং- ৫৪.০০.০০০০.০০৭.১৮.০১৬.১৯- ৭০০

তারিখ : ১০ভাদ্র ১৪২৬ / ২৫ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৩। অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০৪। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী
০৫। যুগ্ম সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৬। উপসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৭। উপসচিব (প্রশাসন-২) এবং সদস্য সচিব, ক্যাটারিং সার্ভিস পর্যালোচনা কমিটি, রেলপথ মন্ত্রণালয় রেলভবন, ঢাকা
০৮। বিভাগীয় রেলওয়ে ম্যানেজার এবং সদস্য, ক্যাটারিং সার্ভিস পর্যালোচনা কমিটি, ঢাকা
০৯। চীফ কমার্শিয়াল ম্যানেজার (পশ্চিম) এবং সদস্য, ক্যাটারিং সার্ভিস পর্যালোচনা কমিটি, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
১০। চীফ কমার্শিয়াল ম্যানেজার (পূর্ব) এবং সদস্য, ক্যাটারিং সার্ভিস পর্যালোচনা কমিটি, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম
১১। পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১২। প্রতিনিধি, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এবং সদস্য, ক্যাটারিং সার্ভিস পর্যালোচনা কমিটি
১৩। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

(মুহাম্মদ আব্দুস সালাম)
উপসচিব
☎ +৮৮০২৪৭১২৪৩২০
ই-মেইল: admin1@mor.gov.bd